উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭- (৪০) তারিখ-২৭/০৯/২০২১ খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-০৫/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নের লক্ষ্যে বিশেষ সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব এ.এস.এম জুলফিকার বোরেল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৭/০৯/২০২১
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
ফোন ০৫৩২৫-৭৩০০৯

প্রাপকঃ .....

.....
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭-দিনাজপুর-২ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩ উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
৪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫ অফিস কপি

উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নে বিশেষ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এ্যাডভোকেট মোঃ গুলফিকার হোসেন।
চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ ঃ ০৫/১০/২০২১ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.০০ টা

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সকল সদস্যগণকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। সভায় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সকল কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা অভিনন্দন জানান তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং সম্মানীত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে সভা শুরু করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন।

সভার শুরুতে প্রনব এ্যাডভোকেট মোঃ গুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অদ্যকার বিশেষ সভার সভাপতি সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান তিনি পরিষদের নাস্ত দপ্তর ও অন্যান্য দপ্তরসমূহকে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের ক্ষেত্রে মতামত,পরামর্শ ও তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। অতপর সভাপতি বিশেষ সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ তথ্য-উপাত্ত ও চাহিদাপত্র উপস্থাপন: উপজেলা নির্বাহী অফিসার বিশেষ সভায় পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) প্রাক্ত তথ্য-উপাত্ত ও চাহিদাপত্র উপস্থাপন করেন তিনি আরো বলেন যে, বিগত বছরের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়। অর্থের অভাবে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ এর লক্ষমাত্রা অর্জন করা /বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তাই তিনি স্থানীয়ভাবে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের অনুরোধ করেন। তারপর সকলে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন এবং ভবিষ্যতে জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহনের জন্য মতামত ব্যক্ত ব্যক্ত করেন। প্রকল্প বাছাই কমিটি, অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক উপজেলা কমিটি,পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটি (পিটিটি) তথ্য সংগ্রহ ও তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে সহায়তা প্রদান করেছেন।	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) জনগুরুত্বপূর্ণ প্রস্তাব: ইউনিয়ন উন্নয়ন প্রকল্প গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর
০৩	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রনয়ন ও উপস্থাপন: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৫২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগত বাধ্যবাধকতা রয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের জন্য বার্ষিক উন্নয়ন এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগত বাধ্য-বাধকতা রয়েছে। উপজেলা পরিষদের করনীয়/দৃষ্টিভঙ্গি,কাজের দৈততা ও অপ্রয়োজনীয় কার্যক্রম পরিহার,সম্পদের যথাযথ ব্যবহার,উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রনয়ন করা হয়েছে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নের ক্ষেত্রে উপজেলার পরিস্থিতি বিশ্লেষন ও সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে মতবিনিময়,সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা, চ্যালেঞ্জ বিশ্লেষন,বাজেট বিশ্লেষন,খাত ভিত্তিকলক্ষ্য ও পরিমাপ-যোগ্য সূচক এবং উন্নয়ন অগ্রাধিকার ও বৈশিষ্ট নির্ধারণ করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করা হয়েছে।	উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ মোতাবেক খাতওয়ারি বিভাজন অনুসরণ পূর্বক খাতওয়ারি বিভাজন অনুযায়ী পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা(২০২১-২০২৬) প্রনয়নের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর

	অতঃপর তিনি সভায় পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) উপস্থাপন করেন। উন্নয়ন সহায়িকা ব্যবহার নির্দেশিকা ২০১৪ মোতাবেক খাতওয়ারি বিভাজন অনুসরণ পূর্বক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় চাহিদা বিবেচনা করার আহ্বান জানান।		
	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) সংযোজন,সংশোধন ও বিয়োজন: বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবর্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) বছর ভিত্তিক পরিকল্পনায় সুবিন্যস্ত করা হয়েছে। খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামত ও পরামর্শের পর সংযোজন,বিয়োজন ও সংশোধন এবং ভাইস চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানদের বিভিন্ন উন্নয়ন চাহিদা সমন্বয় করার পর চূড়ান্ত করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর প্রয়োজনীয় সংশোধন,সংযোজন ও বিয়োজনের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত করার বিষয়ে সকলে একমত পোষন করেন।	সংযোজন,বিয়োজনের সংশোধন ও মাধ্যমে পঞ্চবর্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর
০৪	**উন্নয়ন চাহিদা অগ্রাধিকারকরণ:** স্থানীয় চাহিদা বিবেচনায় খাত ভিত্তিক পঞ্চমালা ও পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাত বিবেচনা পূর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২০২৩) প্রনয়ন করা হয়েছে। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক আর্থিক সামর্থ্য বিবেচনায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষমাত্রা নির্ধারন করা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউডিডিপি এবং রাজস্ব উদ্বৃত্ত বাজেট বিবেচনায় চাহিদা নির্ধারণ ও অগ্রাধিকার নির্ধারন করতে হবে। উন্নয়ন চাহিদা অগ্রাধিকারকরণ বিষয়ে বিস্তারিত আলোচনার পর শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রানিসম্পদ ও যোগাযোগ ভৌত অবকাঠামো ইস্যুকে উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করে বোচাগঞ্জ উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) সুবিন্যস্ত করা হয়েছে।	মাঠ পর্যায়ের চাহিদার ভিত্তিতে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি,মৎস্যও প্রানিসম্পদ ও যোগাযোগ ভৌত অবকাঠামো ইস্যুকে উন্নয়ন অগ্রাধিকার নির্ধারনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর
০৫	**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) চূড়ান্তকরণ ও অনুমোদন:** উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রনয়নের ক্ষেত্রে পরিস্থিতি বিশ্লেষন ও সম্পদের চিত্রায়ন, অংশীজনের সাথে মতবিনিময়,উপজেলা পরিষদের সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জ বিশ্লেষন,বাজেট বিশ্লেষন,খাত ভিত্তিক লক্ষ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ এবং উন্নয়ন কৌশল নিধারণ করা হয়েছে উপস্থিত সকলের আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পন (২০২১-২০২৬) চূড়ান্ত করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার চূড়ান্তকৃত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সকলের আলোচনা ও পর্যালোচনার পর বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবর্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) অনুমোদন দেয়া হয় যাহা অক্টোবর জুলাই ২০২১ খ্রিঃ তারিখ থেকে কার্যকর হবে এবং অক্টোবর ২০২৬ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর
০৬	**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) রিভিউকরণ:** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিধি মোতাবেক জাতীয় অগ্রাধিকার ইস্যুর পরিবর্তন, ও স্থানীয় চাহিদার প্রেক্ষিতে অনুমোদিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) মধ্যবর্তী সময়ে রিভিউ করা হবে। তাছাড়া পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সাথে সমঞ্জস্য রেখে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করা হবে। জাতীয় অগ্রাধিকার ইস্যুর পরিবর্তন, ও স্থানীয় চাহিদার সমন্বয় করে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা রিভিউকরণ করা হবে।	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা মধ্যবর্তী সময়ে রিভিউ এবং পরিকল্পনার সাথে সমঞ্জস্য রেখে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করা হবে।	উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর

৩৭	**অনুমোদিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২০২৩) প্রকাশ ও প্রদর্শনের ব্যবস্থাকরণ।** উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, অনুমোদিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার (২০২১-২০২৬) মুদ্রিত কপি সংশ্লিষ্ট সকল সদস্য,প্রেসক্লাব,ক্লাব সংগঠনসহ প্রধান এবং উপজেলা পরিষদের ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে আপলোড করা, নোটিশ বোর্ডে প্রদর্শন করা প্রয়োজন। উক্ত বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রকাশ ও প্রচার করার বিষয়ে একমত পোষণ করেন	পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রকাশ ও প্রচার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	এপি ও সিএ বোচাগঞ্জ, দিনাজপুর

উপজেলা নির্বাহী অফিসার সকল কর্মকর্তাগণকে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) বাস্তবায়নে সকল হস্তান্তরিত এবং অ-হস্তানরিক্তরিত দপ্তর ও বিভাগকে মধ্যে সমন্বয় ও সহযোগিতা করার জন্য আহ্বান জানান এবং তাদের ওপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান । অতঃপর তিনি শুভেচ্ছা জ্ঞাপন করে সভাপতি মহোদয়কে সভা সমাপ্তি ঘোষণার জন্য অনুরোধ করেন।

অত্র সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ গুলফিকার হোসেন, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অত্র উপজেলাবাসীর কল্যাণে ও দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ বাস্তবায়নে এবং মানুষের মৌলিক একনিষ্ঠভাবে জনগণের কাজ করার আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ০৫/১০/২০২১ খ্রিঃ
(মোঃ গুলফিকার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

উপজেলা পরিষদ কার্যালয়

বোচাগঞ্জ,দিনাজপুর

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নে বিশেষ সভার হাজিরা সীট

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ,বোচাগঞ্জ,দিনাজপুর। তারিখ: ০৫/১০/২০২১ খ্রি:

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	[illegible]	[illegible]	
০২	[illegible]	[illegible]	
০৩	মো: সাইফুল ইসলাম তালুকদার	URDO, BRDB	
০৪	মো: সাজ্জাদ হোসেন	UDO	
০৫	মো: কফিল উদ্দিন চৌধুরী	[illegible]	
০৬	মো: আমানুজ্জামান নুর	পরিবেশ্যান কর্মকর্তা	
০৭	নির্বাচন অফিস	[illegible]	
০৮	মো: সাজ্জাদ হোসেন.	UDO.	
০৯	মো: সাইফুল ইসলাম তালুকদার.		০৫/১০/২১
১০	[illegible]	UO (Revenue)	
১১	মো: [illegible]	UDO	
১২	[illegible]	UDF-UNDP	
১৩	মো: হাবিবুর রহমান	[illegible]	
১৪	[illegible]	[illegible]	
১৫	[illegible]	[illegible]	
১৬	মো: সাজ্জাদ হোসেন	[illegible]	
১৭	মো: [illegible]	[illegible]	
১৮	মো: [illegible]	[illegible]	
১৯			

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮- (৪০) তারিখ : ০৫/১০/২০২১ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মাননীয় সংসদ সদস্য,৭-দিনাজপুর-২ উপজেলা পরিষদ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৬। মেয়র, দেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৯। উপজেলা.....কর্মকর্তা,বোচাগঞ্জ,দিনাজপুর
১০। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর
১১। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
১২। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১৩। রুপন কুমার সরকার, আইসিটি টেকনিশিয়ান, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। অফিস কপি।

০৫/১০/২০২১
(ছন্দ পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
ফোন:০৫৩২৫-৭৩০৩৯
unobochaganj@mopa.gov.bd

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা

(২০২১ থেকে ২০২৬)



উপজেলা পরিষদ

বোচাগঞ্জ,দিনাজপুর

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬)

উপজেলা পরিষদ

বোচাগঞ্জ,দিনাজপুর

উপদেষ্টা:
জনাব খালিদ মাহমুদ চৌধুরী,এমপি
মাননীয় প্রতিমন্ত্রী,স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

<u>সার্বিক সহযোগিতায়:</u>
জনাব মো: জুবায়ের হোসেন
চেয়ারম্যান,উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর

জনাব,মো. নুর আলম
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর

জনাব পুতুল রানী রায়
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
,বোচাগঞ্জ,দিনাজপুর

<u>সম্পাদনায়:</u>
মুন্সী পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর

<u>কারিগরি নির্দেশনায়:</u>
উপজেলা পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)
স্থানীয় সরকার বিভাগ

<u>কারিগরি সহযোগিতায়:</u>
পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কার্যশালা দল(টিএলপি),উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর
অর্থনৈতিক,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি, বোচাগঞ্জ,দিনাজপুর
এম.এম.মাসুম উদ্দিন,ইউডিএফ,ইউনিসেফ,স্থানীয় সরকার বিভাগ,বোচাগঞ্জ,দিনাজপুর

<u>ডিজাইন ও গ্রাফিক্স সহযোগিতায়:</u>
মো: রেজাউল হাসান
সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর

কম্পিউটার কম্পোজ:
মো: মকিদুর রহমান
সার্ট মুন্সাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর

সামিউল আলম
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর

প্রকাশকাল: নভেম্বর ২০২১ খ্রি:

বোচাগঞ্জ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সূচিপত্র:

পৃষ্ঠা নম্বর	অধ্যায়		বিবরণসমূহ		পৃষ্ঠা নম্বর
প্রথম অংশ	প্রথম অধ্যায়	:	ভূমিকা,ভৌগোলিক ও আইনগত ভিত্তি	:	
			উপজেলার পরিচিতি/ইতিহাস/নামকরণের ইতিহাস এলাকাভিত্তিক সমিতির ও প্রথাগত অভিধাবর্গ	:	
			সম্পদসমীক্ষা	:	
			পরিকল্পনা প্রণয়নের ধাপ ও পদ্ধতিসমূহ	:	
			কমিটি : কমিটির যে পরিচয় করা হবে,উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার,সহকারী কমিশনার গণ	:	
	দ্বিতীয় অধ্যায়	:	বোচাগঞ্জ উপজেলার তথ্য-সামগ্রিক তথ্য-উপাত্ত	:	
	তৃতীয় অধ্যায়	:	উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ (Situation Analysis)	:	
	চতুর্থ অধ্যায়	:	সেক্টর ভিত্তিক,ইস্যুভিত্তিক গ্যাপ-সমস্যা ও সম্ভাবনা বিশ্লেষণ	:	
	পঞ্চম অধ্যায়	:	উপজেলার বিভিন্ন স্তরের (পৌরসভা,ইউনিয়ন পরিষদ,সরকারী সংস্থা,ইউনিয়ন পরিষদ) সমন্বয়ে পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম	:	
	ষষ্ঠ অধ্যায়	:	রূপকল্প (Vision) নির্ধারণ করার বিবেচ্য বিষয়সমূহ,মিশন,মূলক্ষেত্র,পারিকল্পিত এলাকাসমূহ উন্নয়ন ও ব্যবস্থাপনা কাঠামো	:	
	সপ্তম অধ্যায়	:	বোচাগঞ্জ উপজেলার চিহ্নিত সমস্যা, উন্নয়ন অগ্রাধিকার এবং পঞ্চবার্ষিক পরিকল্পনায় খাতভিত্তিক ও ইউনিয়ন ভিত্তিক বিস্তারিত পরিকল্পনা কাঠামো	:	
	অষ্টম অধ্যায়	:	পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ এবং মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়ন	:	
	নবম অধ্যায়		পঞ্চবার্ষিক পরিকল্পনায় বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট	:	
দ্বিতীয় অংশ	দশম অধ্যায়		উপজেলা পরিষদের স্বচ্ছতা,জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গভর্ন্যান্স) উন্নয়ন পরিকল্পনা	:	
	একাদশ অধ্যায়		উপজেলা পরিষদ,সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির সদস্যদের তালিকা,উপসংহার	:	

বোচাগঞ্জ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার ব্যবহৃত ছক নম্বর ও ছকের বিষয়বস্তুর সমূহ:

ছকের নম্বর	ছকের বিষয়বস্তুর নাম	পৃষ্ঠা নম্বর:
ছক নম্বর ১:	বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত	
ছক নম্বর ২:	বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণ	
ছক নম্বর ৩:	বোচাগঞ্জ উপজেলার বাস্তবোচিত ভবিষ্যৎ উন্নয়ন/ সমস্যা চিহ্নিতকরণের কারণসমূহ	
ছক নম্বর ৪:	পঞ্চবার্ষিক ভূমিকা পরিকল্পনার খাতভিত্তিক লক্ষ্য,উদ্দেশ্য ও কৌশলাদি চিহ্নিতকরণ	
ছক নম্বর ৫:	বিভিন্ন স্তরের সংস্থা কর্তৃক পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম	
ছক নম্বর ৬:	উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি পরিকল্পনা কাঠামো	
ছক নম্বর ৭:	পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক কার্যক্রমের নমুনা কাঠামো	
ছক নম্বর ৮:	উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গভর্ন্যান্স) উন্নয়ন পরিকল্পনা	
ছক নম্বর ৯:	বোচাগঞ্জ উপজেলা পরিষদের সদস্যদের তালিকা	
ছক নম্বর ১০:	উপজেলা তথ্য,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্য	
ছক নম্বর ১১:	পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির (টেকাপ) সদস্য	

প্রথম অধ্যায়:

১.১ ভূমিকা,প্রেক্ষাপট ও অতিরিক্ত তিথি :

যেকোন উন্নয়ন কর্মসূচির বাস্তবায়নের জন্য বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার গুরুত্ব অপরিসীম। পরিকল্পনা বলতে সম্ভাব্য ও ভবিষ্যত কর্মকান্ডের মধ্যে সেতু বন্ধন সৃষ্টি করাকে বুঝায়। ভূমির সর্বোত্তম ব্যবহার,ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রম পরিচালনা,সম্পদের যথাযথ ব্যবহার,উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন তথা দেশের সামগ্রিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য উপজেলা পরিষদ কর্তৃক বিভিন্ন মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশের উপজেলা পরিষদসমূহ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং বার্ষিক অভ্যন্তর পরিকল্পনা প্রণয়ন করে থাকে।

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ দ্বারা সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা অত্যাবশ্যকভাবে বাধ্যতামূলক করা হয়েছে। সেই কারণে বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে ভারতীয় পরিকল্পনা২০১০-২০২১,পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা,সোবিয়েত উন্নয়ন পরিকল্পনা,এশিয়াটিক, আফ্রিকান উন্নয়ন অ্যাসিকার,বার্ষিক উন্নয়ন কর্মসূচি পাইলটিং অনুসরণ করা হয়েছে।

৩১/৭/১ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৯ অনুসরণপূর্বক ইউনিয়ন চাহিদার পাতওয়ারি বিশ্লেষণ ও উন্নয়ন চাহিদার অগ্রাধিকারক্রম করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় কৃষি ও ক্ষুদ্র সেচ, মৎস্য ও প্রাণিসম্পদ, ক্ষুদ্র ও কুটির শিল্প, পরিবহন ও যোগাযোগ,জনস্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন, পানীয় উন্নয়ন, খাদ্য উন্নয়ন, শিক্ষা উন্নয়ন,যুব স্রোত ও সংস্কৃতি, পল্লী উন্নয়ন ও সমবায়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং পরিচ্ছন্ন গ্রামীণ উন্নয়নের বিষয় বিবেচনায় বোচাগঞ্জ উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করছে। তবে বিধি মোতাবেক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে পরিবর্তন বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উপজেলা পরিষদ আইন(হালনাগাদ ও সংশোধন) বিধিমালা ২০১০,ধারা ১৩ মোতাবেক কোনো উন্নয়ন প্রকল্পের ব্যয় যা অনধিক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় নির্ধারণ করতে হবে এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত নাই এমন নতুন প্রকল্প খাতে কোনো অর্থ ব্যয় করা যাবেনা।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় ভৌগোলিক,সাংস্কৃতিক অধিকতর সুবিধার কথা এবং প্রস্তাবিত বাস্তবায়নের আলোকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তাবিত কলাকল,বাস্তবায়ন পদ্ধতি ও কৌশল নির্ধারণ করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি,আর্থ সামাজিক কথা,চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি এবং আগামী ৫ বছরের সম্ভাব্য পরিকল্পনা তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে। তাছাড়া পরিকল্পনার পরিস্থিতি, সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পরিবর্তনের সম্ভাবনা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জ ও কৌশল বিশ্লেষণ করে পরিমাপযোগ্য সূচক এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রণয়নে স্থানীয় ও জাতীয় কলাকল অর্জনের দিক অনুসৃত এবং নিম্ন-উর্ধ্বমুখী (bottom up approach) পদ্ধতি অনুসরণ করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার খাত ভিত্তিক পরিকল্পনায় লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে সর্বমোট ২৩০০ উন্নয়ন খাত,প্রকল্প ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত করে উপজেলা পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক কাঠামো গঠন করা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ ও যোগাযোগ খাতে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা প্রকৌশলীর দপ্তর বোচাগঞ্জ উপজেলা পরিষদে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৫ প্রণয়ন করা হয়েছে। উন্নয়ন অগ্রাধিকার ও নীতিমালা নির্ধারণের ক্ষেত্রে সকল বাছাই কমিটি, অর্থ কমিটি,পরিকল্পনা ও স্থায়ীর সম্পদ আহরণ বিষয়ক কমিটি,পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটি(পাইসি) এবং সভাসহ ও তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে সহায়তা প্রদান করেছে। উক্ত কাঠামোতে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রাক্কলন ব্যয়,তহবিল সংস্থান,পরিকল্পনায় অন্তর্ভুক্ত,প্রকল্পভিত্তিক কলাকল,খাত ভিত্তিক কমিটি বিশ্লেষণ ও অগ্রাধিকারক্রম নির্ধারণ করা হয়েছে।

১.২ বোচাগঞ্জ উপজেলার নামকরণের ইতিহাস: বোচাগঞ্জ নামা সৃষ্টি হয় ১৯১৫ সালে। ১৯৮৩ সালে উপজেলা রূপান্তরিত হয়। তবে এলাকার সাধারণ লোকজনের কাছে বোচাগঞ্জ উপজেলা সেতাবগঞ্জ নামেই অধিক পরিচিত। এটি ইউডিসিম ও ১টি পৌরসভা নিয়ে বোচাগঞ্জ উপজেলা গঠিত। অনিবার্য কারণে ১৯৫৩ সালে বোচাগঞ্জ পৌরসভাটির নামকরণ করা হয়। সেতাবগঞ্জ পৌর হাটটি রংপুর বিভাগের মধ্যে সবচেয়ে বড় একটি বৃহত্তম হাট। এই হাট প্রতিষ্ঠাকালে কুমিল্লা থেকে আসা দেখানো হত। হাটকে স্থানীয় ভাষায় বোচা বলা হয়। এই বোচা নাম থেকেই উক্ত এলাকার নামকরণ করা হয় বোচাগঞ্জ।

১.৩: বোচাগঞ্জ উপজেলার ভৌগলিক অবস্থান: বোচাগঞ্জ উপজেলার মোট আয়তন ২২৬.৮১ বর্গ কি.মি.। উত্তরে বীরগঞ্জ পৌরসভা উপজেলা,দক্ষিণে বিরল ও ভবানীগঞ্জ পশ্চিমবঙ্গ,পূর্বে বীরগঞ্জ,কাহারোল উপজেলা এবং পশ্চিমে বীরগঞ্জ উপজেলা।

১.৪। বোচাগঞ্জ উপজেলার প্রশাসনিক মানচিত্র:



১.৫: প্রখ্যাত ব্যক্তিবর্গ :

জনাব রৌফ চৌধুরী (১৯৩৭-২০০৭)।

সাহসিক ডাক ও টেলিযোগাযোগ কর্মিবাহিনী বলতে জনাব রৌফ চৌধুরী ১৯৩৭ সালে ২৬ ডিসেম্বর বৃহত্তর উপজেলার অন্তর্গত এক গরিব চৌধুরী পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছাত্রজীবনে কৃতিত্বের সাথে ছাত্র ইসাবে ৫ম শ্রেণী পাকিস্তানি ঔপনিবেশিক শাসনের অধিকারী ছিলেন। তিনি খুব ঔপনেই ছাত্রজীবনের রাজনীতির সাথে যুক্ত হন। ১৯৫৮ সালে বহরের শিলাপুর রেলার ক্যান্টনমেন্টে সাধারণ সৈন্যদের উপর অত্যাচারের বিরুদ্ধে আন্দোলনের নেতৃত্ব দেন এবং ১৯৬৭ সালে রক্তপথে নিষিদ্ধ হন। ধর্মনীতির বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব সংগঠক হিসাবে কাজ করিলেন। তিনি ১৯৬৫ সালের ৬ দফা আন্দোলনের সময় ছাত্র নেতা,১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের নেতৃত্বদানকারী এবং ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের অন্যতম সংগঠক হিসেবে অগ্রণী ভূমিকা পালন করেন।

জনাব আব্দুর রৌফ চৌধুরী ১৯৫৯ সালে বেতাগুল উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ১৯৯৩ সালে দিনাজপুর-১ আসন থেকে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হন পরবর্তীতে ১৯৯৮ সালের ২৬ ডিসেম্বর স্বাধীনবাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব জীবনে তিনি ৫ কন্যা ও এক পুত্র সন্তানের জনক। স্ত্রী মরিয়ম আব্দুল চৌধুরী, সাবেক সচিব,বেতারবাংলা,২০০৩ সালে তার মৃত্যু হয়। জনাব রৌফ চৌধুরী ছিলেন স্বাধীন ও জাতীয় পর্যায়ে একজন বহুল প্রথাক ব্যক্তিত্ব। তিনি ২০০৭ সালের ২১ অক্টোবর মৃত্যুবরণ করেন।

হাজী মোহাম্মদ দানেশ(১৯০৪-১৯৮৬):

ইতিহাস আন্দোলনের ধারা পুনরুদ্ধারে হাজী মোহাম্মদ দানেশ ২৭ জুন ১৯৩০ সালে দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা টেলা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। হাজী মোহাম্মদ দানেশ জমীদার মুনসিম বিদ্যালয়ে পড়াশোনা করেন। তিনি অবিভক্ত ভারতের একজন কৃষক নেতা যিনি ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠা এবং পূর্ব পাকিস্তানের স্বাধীনতা আন্দোলনে এ অঞ্চলটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাকে তেভাগা আন্দোলনের নায়ক হিসাবে আখ্যায়িত করা হয়। হাজী মোহাম্মদ দানেশ তিনটি প্রথম শ্রেণী সম্পন্ন অধিকার আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন ও সংগঠক।

তিনি মহাত্মা জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীর একনিষ্ঠ রাজনৈতিক সহচর ছিলেন। তেভাগার তিনিয়ন প্রতিষ্ঠাতা অন্যতম নায়কদের হাজী মোহাম্মদ দানেশ। তার নামে প্রতিষ্ঠিত হয়েছে দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ মেডিকেল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বোচাগঞ্জ উপজেলার বহুলপ্রচলিত হাজী মোহাম্মদ দানেশ কলেজ ও প্রতিষ্ঠিত হয়েছে। শ্রমিকদের অধিকার আদায় এবং তেভাগা আন্দোলনে তাঁর ভূমিকা পালন করার কারণে তাকে তেভাগা আন্দোলনের জনক হিসাবে আখ্যায়িত করা হয়। তিনি ১৯৮৬ সালের ২৮ জুন মৃত্যুবরণ করেন।

সম্পাদকীয়

বাংলাদেশের সংবিধানে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত করা এবং তৃণমূল পর্যায়ে ক্ষমতা ও অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। বর্তমান পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা ও প্রত্যাশাই উন্নয়ন। স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা পূরণকল্পে সেবার পরিধান,মানসম্পন্ন সেবা প্রদান এবং নাগরিকদের কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। স্থানীয় সম্পদ ও সম্ভাবনা আহরণে উন্নয়নের ক্ষেত্রে চিহ্নিতকরণের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৫ প্রণয়ন করা হয়েছে, যেখানে স্থানীয় জনগণের প্রত্যাশা,উন্নয়ন চাহিদা ও সম্ভাবনাসমূহ চিহ্নিত করে বিভিন্ন ক্ষেত্রে যেমন: শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, কৃষিজাত পণ্য, মৎস্য ও প্রাণিসম্পদ, সংস্কৃতি, ক্রীড়া ও সমাজসেবা, নারী ও শিশু উন্নয়ন ও সমবায়, সুযোগ, পরিবেশ ব্যবস্থা,অবিবাহিত ও প্রাইম হুমেনা বিষয়ে অগ্রাধিকার নির্ধারণ করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৫) প্রণয়ন করা হয়েছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পারিপার্শ্বিক বিশ্লেষণ ও সম্পদের চিত্রায়ন,এবং এলাকার সকল অংশীজনের সাথে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা,পরিবর্তনের সম্ভাবনা,দুর্বলতা,সবলতা,চ্যালেঞ্জসমূহ নিরূপন করা হয়েছে। অন্তর্ভুক্ত কার্যক্রম বিশ্লেষন,ফলাফল,খাত ভিত্তিক লক্ষ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য অর্থ,প্রজেক্ট,পরিকল্পন ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি ও টাস্কফোর্সের মতামত ও সুপারিশকে গুরুত্ব দেয়া হয়েছে পঞ্চবার্ষিক পরিকল্পনার অর্থের উৎস এবং অর্থ প্রবাহ বিবেচনায় বার্ষিক সম্ভাব্যতা নির্ধারন ও বাজেট বিভাজন করা হয়েছে। পরিকল্পনার মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন দৃষ্টিভঙ্গি সমন্বিতভাবে প্রতিফলিত হয়েছে যাহা স্থানীয় জনগোষ্ঠীর সম্ভাব্য মাত্র বৃদ্ধিতে কার্যকরি ভূমিকা পালন করবে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদ আইন ২০১৮ এর ধারা ৩৩(১) ও দ্বিতীয় তফসিল (ধারা ২৩),উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা ২০১৮ এবং উন্নয়ন তহবিল সংক্রান্ত নির্দেশিকা ২০১৯,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের(ইউজিডিপি) কারিগরি নির্দেশনায় নিম্ন ধাপ-ভিত্তিক প্রক্রিয়া এবং নিম্ন-উর্ধ্বমুখী (bottom up approach) পদ্ধতি অনুসরন করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৫ প্রণয়নের ক্ষেত্রে আগের পরিকল্পনা ২০১০-২০২১, অষ্ট পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫) বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) উপজেলা উন্নয়ন পরিকল্পনা, সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল(এসডিজি), ভিশন উন্নয়ন অন্তর্ভুক্তির বিবেচনা করা হয়েছে। পরিকল্পনাকে তথ্যভিত্তি ও বস্তুনিষ্ঠ করার জন্য স্থানীয় উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরন এবং চাহিদার গুরুত্বতা ও সম্পদের সীমাবদ্ধতার মধ্যে সমন্বয় ও ভারসাম্য বজায় রেখে উপজেলা পরিষদের সক্ষমতা বিবেচনায় পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৫) উন্নয়ন পরিচালনা এবং পরিচালন(রক্ষনাবেক্ষণ) ব্যবস্থার উন্নয়ন খাতে দুটি অংশে বিভক্ত। প্রথম অংশে উন্নয়ন পরিচালনা। ভূমিকা,প্রেক্ষাপট আলোচ্য বিষয়, পরিকল্পনা প্রণয়নের পদ্ধতি/প্রক্রিয়া, আর্থ-সামাজিক তথ্য উপাত্ত, পরিস্থিতি বিশ্লেষন,ব্যাজেট সারসংক্ষেপ, চলমান উন্নয়ন কার্যক্রম, প্রপজড ভিশন,মুক্তাকেন্দ্র,উদ্দেশ্য,প্রত্যাশিত ফলাফল, চিহ্নিত সমস্যা, উত্তরণ প্রাধিকার, ফলপ্রসূতা ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন/ পরিকল্পনা ফলাফল, পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ,মূল্যায়ন ও চ্যালেঞ্জ মূল্যায়ন, ঝুঁকি প্রতিরোধের সহজ কৌশল ।

তৃতীয়তঃ দ্বিতীয় অংশে পরিচালন (পরিচালন) উন্নয়ন পরিকল্পনা: উপজেলা পরিষদের সাধারণ সভা, বার্ষিক বাজেট সভা, উপজেলা কমিটির (১৭) সভা, বার্ষিক পরিকল্পনা সভা, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা, সম্পদ মোবিলাইজেশন হালনাগাদকরন, এডিপি ও উন্নয়ন খাতের সমন্বয় প্রক্রিয়াসমূহ, বার্ষিক আর্থিক হিসাব নিরীক্ষা প্রতিবেদন, উন্নয়ন কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরন, নারী ও শিশু বান্ধব ওপেন অফিসকরণ, উপজেলা পরিষদ কর্তৃক কার্যাবলী কার্যকর, তথ্য অধিকার সম্পাদন, প্রকল্প কার্যক্রম মনিটরিং/পরিবীক্ষণ, চিহ্নিতদের চাহিদা প্রকাশ, প্রণয়ন সেক্টরাল ইস্যুসমূহ, পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক পরিবেক্ষন প্রতিবেদন প্রণয়ন, পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার মধ্যবর্তী রিভিউকরণ/মূল্যায়ন, পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার চূড়ান্ত মূল্যায়ন,উপজেলা পরিষদের সফল আলোচনা এবং সম্ভাব্য উপজেলা সমিতি ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কমিটির কার্যাবলী সম্পাদনের তালিকা,উপসংহার।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৫ প্রণয়নের সময় উপজেলা পরিষদ ও উন্নয়ন প্রকল্পের কারিগরি নির্দেশনা অনুসরণপূর্বক হতে অনীহ বিষয়বস্তু ও কথা উপাত্ত বিভিন্ন তথ্যসংগ্রহে বিলম্ব করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় উন্নয় পরিকল্পনা এবং পরিচালনা(রক্ষণাবেক্ষণ) খাতভিত্তিক উন্নয়ন পরিকল্পনার মধ্যে পারিপূরকতা তৈরী করা হয়েছে যাতা স্থানীয় উন্নয়ন চাহিদা ও সীমিত সম্পদের সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে অভিষ্ট লক্ষ্যে দ্রুত অর্জন এবং সুষম উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অবকাঠামো তৈরী করবে । কার্যকরি পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৫) নিশ্চিতকরে ভবিষ্যত কর্মপরিকল্পনার দিক নির্দেশনা/দিকনির্দেশনা হিসেবে স্থানীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার(২০২১-২০২৫) মেয়াদ ১লা নভেম্বর ২০২১ খ্রিঃ থেকে কার্যকর হবে এবং ৩০ অক্টোবর ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।

কৃষ্ণা পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর



মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর বাণী

উপজেলা পরিষদ স্থানীয় প্রয়োজনীয়তা ও জনগণের চাহিদার প্রেক্ষিতে গুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। স্থানীয় সমস্যা চিহ্নিতকরণ এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজন সমন্বিত কর্মকর দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা। আমার নির্বাচনী এলাকা দিনাজপুর ২ আসনের বোচাগঞ্জ উপজেলা কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করেছে জেনে আমি খুবই আনন্দিত। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও বোচাগঞ্জ উপজেলা পরিষদ তার সক্ষমতা বিবেচনায় স্থানীয় জনগোষ্ঠীর প্রত্যাশা, চাহিদা ও মতামতের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সমন্বিতভাবে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করেছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) ক রিপরি নির্দেশনায় বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগকে আমি অভিনন্দন জানাই।

"গ্রাম শহরের উন্নতি,শেখ হাসিনার মূলনীতি"এই নীতির মাধ্যমে বাংলাদেশ আওয়ামীলীগ সরকার দেশের সকল অঞ্চলের সুষম উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মাধ্যমে লাগামহি উন্নয়ন উদ্যোগ গ্রহণ করেছে আমি আশা করি বর্তমান সরকারের তৃণমূলের উন্নয়ন ভাবনা বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় প্রতিফলিত হয়েছে যার তৃণমূল পর্যায়ে চাহিদা ভিত্তিক শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, যোগাযোগ অবকাঠামোসহ সমন্বিত উন্নয়ন এসডিজি'র অভিষ্ট লক্ষ্য অর্জন এবং ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বির্নিমাণে সহায়ক হবে।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের জন্য আমার পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আশ্বাস ব্যক্ত করছি এবং এর সফল বাস্তবায়নের প্রত্যাশা করছি।

খালিদ মাহমুদ চৌধুরী এমপি
প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের বাণী

স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ স্থানীয় পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। জাতীয় সরকারের পরিকল্পনা ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সহযোগী প্রতিষ্ঠান হিসাবে উপজেলা পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। স্থানীয় জনগণের চাহিদা ভিত্তিক টেকসই উন্নয়ন ও উন্নত সেবা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) কারিগরি নির্দেশনায় আইনের আলোকে স্থানীয় জনগণের চাহিদার ভিত্তিতে সরকারী-বেসরকারী অংশীজনের সাথে সমন্বয়ের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রণয়নের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

এক্ষেত্রে জাতীয় পরিকল্পনা,জাতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি,জাতীয় ও স্থানীয় উন্নয়ন অগ্রাধিকার বিবেচনায় বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার পরিকাঠামো প্রণয়ন করেছে। জাতীয় উন্নয়ন অগ্রাধিকার ও স্থানীয় চাহিদার মধ্যে সমন্বয়ের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনস্বাস্থ্য, কৃষিও পেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূর্যোগ, পরিচালন ব্যবস্থা,জনশক্তি ও আইন-শৃংখলা বিষয়কে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার অগ্রাধিকার উন্নয়ন খাত হিসাবে নির্ধারণ করা হয়েছে।

উক্ত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়ন হলে স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত,এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণে সহায়ক এবং অংশীজনের সমন্বয় বৃদ্ধি, উপজেলা পরিষদের সুশাসন, গভর্ন্যান্স উন্নয়ন, সেবা প্রদানে সক্ষমতা ও জনগণের সন্তুষ্টির মাত্রা বৃদ্ধি পাবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নের সাথে সম্পৃক্ত সরকারী-বেসরকারী অংশীজনসহ কমিটির সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নে সমন্বিত সহযোগিতা কামনা করছি।

খালেদ মোহাম্মদ হাবীব
জেলা প্রশাসক
দিনাজপুর

উপপরিচালক,স্থানীয় সরকার এর বাণী

সঠিক পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। উপজেলা পরিষদ হচ্ছে স্থানীয় সরকার ব্যবস্থার একটি অন্যতম গুরুত্বপূর্ণ সেবা প্রতিষ্ঠান। টেকসই উন্নয়ন ও জনগনের কাঙ্খিত সেবা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন প্রনয়নকারী অনুযায়ী দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) এবং দ্বিতীয় তফসিল (ধারা ২৩) মোতাবেক উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নের উদ্যোগ গ্রহন করায় আমি খুবই আনন্দিত।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন প্রক্রিয়ার মাধ্যমে মোচাগঞ্জ উপজেলা পরিষদের আর্থ-সামাজিক চলচ্চিত্র,চলমান উন্নয়ন প্রকল্প, সক্ষমতা, সমস্যা,সম্ভাবনা,চ্যালেঞ্জ ও স্থানীয় উন্নয়ন চাহিদার চিত্র ফুটে উঠেছে। উপজেলা পরিষদের বর্তমান অবস্থা এবং আগামী ৫ বছরে বিভিন্ন উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণে অংশীজনের সাথে আলোচনা,সরকারি-বেসরকারি দপ্তর/বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে উপজেলা পরিষদের সম্পদ/সক্ষমতা বিবেচনায় পরিকল্পনার রূপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য,পরিমাপযোগ্য সূচক নির্ধারণ করা হয়েছে।

স্থানীয় জনগনের উন্নয়ন চাহিদা এবং উপজেলা পরিষদের সক্ষমতা ও সম্ভাবনা বিবেচনায় মোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ণ করা হয়েছে। যেকোন পরিকল্পিত উন্নয়ন পরিকাঠামো উন্নয়ন চাহিদা নির্বাচন ও অগ্রাধিকারকরণে এবং বাস্তবায়নে জনগনকে সম্পৃক্ত করা ও স্বচ্ছতা, জবাবদিহিতা, সুশাসন নিশ্চিতকরণে সহায়ক পরিবেশ সৃষ্টি করে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি মোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ কার্যকর ও সফল বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ, ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন, এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জন,দারিদ্রতা হ্রাস,রূপকল্প ২০৪১ রূপায়ণে বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্প (২০২১-২০৪১) বাস্তবায়ন এবং জাতীয় ও স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত উন্নয়নের সহায়ক পরিবেশ সৃষ্টি হবে।

সকলের সম্মিলিত উদ্যোগ ও সমন্বয় সহযোগিতার মাধ্যমে মোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ সফল ও কার্যকর বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করছি।

(মো: মোখলেছুর রহমান)
উপপরিচালক,স্থানীয় সরকার
দিনাজপুর

উপজেলা চেয়ারম্যানের বাণী

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

স্থানীয় সমস্যা চিহ্নিতকরন ও সম্পদের সর্বোত্তম ব্যবহার করে জনপ্রতিনিধি,সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সম্মিলিত প্রয়াসের মাধ্যমে জনআকাঙ্খা পুরণও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিকল্পনা সঠিক পরিকল্পনা। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ স্থানীয় পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও বোচাগঞ্জ উপজেলা পরিষদ তার সক্ষমতা বিবেচনায় স্থানীয় জনগোষ্ঠীর প্রত্যাশা,চাহিদা ও মতামতের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সমন্বিতভাবে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করেছে।

উপজেলা পরিষদের সক্ষমতা, সমস্যা, সম্ভাবনা, চ্যালেঞ্জ, উন্নয়ন চাহিদা, রূপকল্প, খাত ভিত্তিক লক্ষ্য, পরিমাপযোগ্য সূচক, প্রত্যাশিত ফলাফল ও প্রজেকশন সার্বিক বিষয় বিশ্লেষণপূর্বক পঞ্চবার্ষিক পরিকল্পনায় তথ্য-উপাত্ত ও বিষয়াদী অর্ন্তভুক্ত করা হয়েছে। উপজেলা পরিষদের নিজস্ব তহবিল,সরকারের উন্নয়ন অনুদান/মঞ্জুরী ও ইউজিটিপির অর্থায়নে পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী বিভিন্ন বিভাগ এবং স্থানীয় অংশীজনের কার্যক্রমের মধ্যে সমন্বয়ের মাধ্যমে স্থানীয় জনগনের চাহিদা,মতামতকে গুরুত্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনস্বাস্থ্য, কৃষি ও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ,পল্লী উন্নয়ন ও সমবায়, দুর্যোগ, পরিচালন ব্যবস্থা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারণ করে পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের বর্তমান অবস্থা, অর্থনৈতিক চালচিত্র, আর্থসামাজিক মানদন্ডে উপজেলার বর্তমান অগ্রগতি ও আগামী ৫ বছরে বিভিন্ন ক্ষেত্রে আমাদের লক্ষিত গন্তব্যস্থল এই পঞ্চবার্ষিক পরিকল্পনা। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়িত হলে বোচাগঞ্জ উপজেলা পরিষদের সেবা প্রদানের সক্ষমতা, স্বচ্ছতা, জবাবদিহীতা বৃদ্ধি পাবে এবং স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন ত্বরান্বিত ও গ্রামীন উন্নয়নে সহায়ক হবে বলে আমি মনে করি।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করছি।

মো: জুলফিকার হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর

উপজেলা নির্বাহী অফিসারের বাণী

উপজেলা পরিষদ আইন ১৯৯৮(সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দেশের প্রতিটি উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের আইনগত বাধ্যবাধকতা রয়েছে। টেকসই উন্নয়ন ও জনগনের কাঙ্খিত সেবা নিশ্চিতকরণের জন্য জনচাহিদা অনুযায়ী দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রয়োজন। সঠিক পরিকল্পন প্রনয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। উপজেলা পরিষদ একটি স্থানীয় সেবা প্রতিষ্ঠান হিসাবে জনগনের খুব কাছে থেকে চাহিদা ভিত্তিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। আইন,বিধি,পরিপত্র,নির্দেশিকা,উন্নয়ন পরিকল্পনার কাঠামো এবং বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে সরকারের বিভিন্ন বিভাগ এবং সমন্বয়ের মাধ্যমে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ পরিকল্পনার রূপরেখা প্রয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট অংশীজন ও স্থানীয় জনগনের চাহিদা,মতামত পরামর্শকে গুরুত্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষিও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূর্যোগ, পরিচালন ব্যবস্থা,জনশৃঙ্খলা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পন(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল,সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপির অর্থায়নে পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। সরকারের বিভিন্ন বিভাগ এবং স্থানীয় অংশীজনের কর্মকান্ডের মধ্যে সমন্বয়ের মাধ্যমে পরিকল্পনার রূপরেখা প্রয়ন করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় পরিকল্পনা,অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি,জাতীয় ও স্থানীয় উন্নয়ন অগ্রাধিকার এবং নিম্ন-উর্ধ্বমুখী (bottom up approace) পদ্ধতি অনুসরন করা হয়েছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদের,স্বচ্ছতা,জবাবদিহিতা বৃদ্ধি,সুশাসন উন্নয়ন, পরিচালন ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি ও সেবার মান উন্নয়ন, তৃণমূলে অংশীজনের সমন্বয় বৃদ্ধি,এবং জনগনের সন্তুষ্টি অর্জনে সহায়ক হবে। তাছাড়া উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জাতীয় অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন, এসডিজির লক্ষ্যমাত্রা, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ, ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন এবং ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মানে ও জাতীয় উন্নয়নে সহায়ক হবে বলে আমি মনে করি।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং সুষ্ঠু, সুন্দর,কার্যকর ও সার্বোত্তম বাস্তবায়নে সকল অংশীজনের সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করছি

ছন্দা পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর

ভাইস চেয়ারম্যানের বাণী

স্থানীয় জনগনের কাঙ্খিত সেবা প্রদান ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে উপজেলা পরিষদ আইন ১৯৯৮(পুনঃপ্রবর্তিত ২০০৯ ও সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৫) প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে। অসীম চাহিদা ও সীমিত সম্পদের মধ্যে ভারসাম্য বজায় রেখে উপজেলা পরিষদকে তার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হয়। স্থানীয় জনগনের চাহিদা,মতামত পরামর্শকে গুরুত্ব দিয়ে শিক্ষা অবকাঠামো নির্মাণ ও সরবরাহ, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, স্বাস্থ্য , জনসাস্থ্য, কৃষি ও ক্ষুদ্র সেচ, যুব এবীভূ , সংস্কৃতি উন্নয়ন, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৫) প্রণয়ন করা হয়েছে।

সরকারের উন্নয়ন অগ্রাধিকার,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউনিভিপি এবং নিজস্ব অর্থায়নে অংশগ্রহণমূলক সিদ্ধান্তের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়িত হলে কৃষিমূলের সমস্যার সমাধান হবে এবং স্থানীয় জনগন খাত ভিত্তিক উন্নয়ন সুফল ভোগ করবে। পরিকল্পনায় স্থানীয় জনগনের চাহিদা ও প্রয়োজনীয়তা বিবেচনা করে অগ্রাধিকারক্রমের মাধ্যমে সকল উন্নয়ন খাত অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় জনপ্রতিনিধি হিসাবে আমি অত্যন্ত খুশি ও আনন্দিত।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫) বাস্তবায়নের জন্য প্রয়োজন উপজেলার বিভিন্ন দপ্তর ও অংশীজনের মধ্যে সমন্বয় সহযোগিতা। উক্ত পরিকল্প প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে এবং বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

মোঃ নুর আলম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ,দিনাজপুর

মহিলা ভাইস চেয়ারম্যানের বাণী

জনসেবা এবং এলাকার উন্নয়নে ভূমিকা পালনের মধ্য দিয়ে জনপ্রতিনিধিদের কাজ করতে হয় । উপজেলা পরিষদ একটি সেবা প্রতিষ্ঠান হিসাবে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জনগনকে সেবা প্রদান করতে হয় সেজন্য প্রয়োজন সুনির্দিষ্ট উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদ আইন ১৯৯৮(পুনঃপ্রবর্তিত ২০০৯ ও সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনা আমাদেরকে খাত ভিত্তিক উন্নয়ন কাজ বাস্তবায়নের সুযোগ করে দিয়েছে পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) । জনগনের চাহিদা ও স্থানীয় প্রয়োজন এবং নারী অধিকার ও নারী বান্ধব প্রকল্প প্রণয়নে মুখ্য বিবেচনায় শিক্ষা অবকাঠামো নির্মাণ ও সরবরাহ, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, আন্তঃ , জনসাস্থ্য, কৃষি ও ক্ষুদ্র সেচ, যুব এবং ক্রীড়া, সংস্কৃতি উন্নয়ন, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে পরিকল্পনায় স্থানীয় জনগনের চাহিদা ও প্রয়োজনীয়তা বিবেচনা করে অগ্রাধিকারকরণের মাধ্যমে সকল উন্নয়ন খাত অর্ন্তভুক্ত করা হয়েছে বিধায় জনপ্রতিনিধি হিসাবে আমি অত্যন্ত আনন্দিত। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়িত হলে জনগনের সমস্যার সমাধান হবে এবং স্থানীয় জনগন খাত ভিত্তিক উন্নয়ন সুফল ভোগ করবে

সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপি এবং নিজস্ব অর্থায়নে আইন,বিধি,পরিপত্র,নির্দেশিকার আলোকে অংশগ্রহনমূলক সিদ্ধান্তের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। আমি মনে করি পঞ্চবার্ষিক পরিকল্পনায় গৃহিত প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে নারী উন্নয়নসহ অন্যান্য খাতের উন্নয়ন ত্বরান্বিত হবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নের জন্য সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

পুতুল রানী রায়
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ,দিনাজপুর

দ্বিতীয় অধ্যায়

২.১:বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত:

